গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
১১৫, কাজী নজরুল ইসলাম এভিনিউ, বাংলামটর, ঢাকা।
www.nddtrust.gov.bd

স্মারক নং: ৪১.০৫.০০০০.০০০.০৯.০১৪.২১-৬৪৩

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৮
২২ ফেব্রুয়ারি ২০২২

# পরিপত্র

**বিষয়: 'এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক সহায়তা অনুদান প্রদান' শীর্ষক সেবাটি সহজিকরণ এবং ডিজিটাইজেশন।**

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কর্মসম্পাদনসূচক ১.২.১ এবং ১.৩.১ অনুযায়ী সচিবালয় নির্দেশমালা ২০১৪ এর ২৫৯-২৬২ নং নির্দেশনা, সেবা পদ্ধতি সহজিকরণ ম্যানুয়াল, ২০১৫ এর আলোকে ২৫.০২.২০২১ খ্রী: তারিখের মধ্যে নূন্যতম একটি সেবা সহজিকরণের অফিস আদেশ জারির বাধ্যবাধকতা রয়েছে। উল্লেখ্য যে, সেবা সহজিকরণ কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এবং সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক গত ১৪ এবং ১৬ নভেম্বর ২০২১ তারিখে ২ দিনের সেবা সহজিকরণ এবং উদ্ভাবন বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালাসমূহে প্রদত্ত সুপারিশমালার আলোকে এবং মন্ত্রিপরিষদ বিভাগ, আইসিটি বিভাগ, এটুআই ও সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সার্বিক সহযোগিতায় 'এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক সহায়তা অনুদান প্রদান' শীর্ষক সেবাটি সহজিকরণ এবং একইসাথে ডিজিটাইজেশনের আওতায় আনা হয়েছে।

সেবা পদ্ধতি সহজিকরণ (SPS) এর আওতায় উক্ত সেবাটি সহজিকরণ এবং ডিজিটাইজ করার ফলে একজন সেবাগ্রহীতা বিনামূল্যে এবং স্বল্পসময়ে ঘরে বসেই সেবাটি গ্রহণ করতে পারছেন। এতে সেবাগ্রহীতার ভোগান্তি হ্রাসের পাশাপাশি চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক সহায়তা অনুদান বিতরণ কার্যক্রম গতিশীল হবে।

বর্ণিত অবস্থায় সহজিকরণকৃত সেবাটি নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর সাথে সংশ্লিষ্ট সকলকে সংযুক্ত প্রসেস ম্যাপ অনুযায়ী বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: সেবা প্রদানের প্রসেস ম্যাপ।

২২/২/২০২২

ড. মোঃ আনোয়ার উল্ল্যাহ, এফসিএমএ
ব্যবস্থাপনা পরিচালক (যুগ্ম সচিব)
নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট
সমাজকল্যাণ মন্ত্রণালয়
ফোন: +৮৮-০২-৪৮৩২২৬৭৪
মোবাইল: ০১৭৩৩-০৩৫-৫৫৩
ই-মেইল: nddptrust@gmail.com


অবগতি ও প্রয়োজনীয় ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. অতিরিক্ত সচিব (প্রশাসন) এবং চিফ ইনোভেশন অফিসার, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
৩. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৪. উপপরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
৫. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় (সকল জেলা);
৬. সহকারী পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
৭. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, ঢাকা;
৮. ........................................
৯. অফিস কপি।

নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর সেবা সহজিকরণ তথ্য

**১। সেবা সহজিকরণের শিরোনাম:** ট্রাস্টি বোর্ড-এর স্থায়ী আমানতের লভ্যাংশ (৫০% হতে) 'এনডিডি বৈশিষ্ট্যসম্পন্ন শিশু ও ব্যক্তিদের চিকিৎসা সহায়তা হিসেবে এককালীন আর্থিক সহায়তা অনুদান প্রদান' সহজিকরণ

**২। বিদ্যমান সেবা পদ্ধতির প্রসেস ম্যাপ:**



## ৩। বিদ্যমান সেবা পদ্ধতি বিশ্লেষণ

| ধাপ ক্রমিক নং | সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | বর্ণনা |
|---|---|---|---|
| ধাপ-১ | বিজ্ঞাপন/আবেদন আহবান | আবেদন গ্রহণের জন্য পত্রিকায় বিজ্ঞাপন প্রদান<br><br>জেলা কমিটি বরাবরে পত্র প্রেরণ | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক এককালীন চিকিৎসা অনুদান প্রদানের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়ে থাকে। |
| ধাপ-২ | আবেদন জেলা পর্যায়ে দাখিল | জেলা পর্যায়ে আবেদন গ্রহণ | নির্ধারিত সময়ের মধ্যে আবেদন পত্র জেলা জেলা কমিটির নিকট দাখিল করেন। |
| ধাপ-৩ | আবেদনসমূহ যাচিই-বাছাই ও সুপারিশসহ এনডিডি সুরক্ষা ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ | জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও সুপারিশসহ প্রেরণ | আবেদনসমূহ জেলা পর্যায়ে দাখিল হওয়ার পর এনডিডি সুরক্ষা ট্রাস্ট বিষয়ক জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই ও সুপারিশসহ ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করেন। |
| ধাপ-৪ | এনডিডি সুরক্ষা ট্রাস্ট কর্তৃক আবেদন পত্রসমূহ তালিকাকরণ | ট্রাস্টি বোর্ড সভায় উপস্থাপনের জন্য জেলা ভিত্তিক তালিকা প্রস্তুত | জেলা কমিটি কর্তৃক সুপারিশকৃত আবেদন ট্রাস্ট কার্যালয়ে প্রাপ্তির পর বোর্ড সভায় উপস্থাপন করা হয় । |
| ধাপ-৫ | এনডিডি ব্যক্তিদের তালিকা ট্রাস্টি বোর্ডের অনুমোদন | চূড়ান্ত অনুমোদনের জন্য ট্রাস্টি বোর্ডের সভায় উপস্থাপন | ট্রাস্টি বোর্ড কর্তৃক উপস্থাপিত এনডিডি ব্যক্তিদের তালিকা চুড়ান্ত অনুমোদন |
| ধাপ-৬ | চেক প্রস্তুতকরণ | জেলা কমিটির নিকটে প্রেরণের জন্য চেক প্রস্তুতকরণ | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর কর্মকর্তা/কর্মচারীবৃন্দ |
| ধাপ-৭ | চেক স্বাক্ষর | প্রস্তুতকৃত চেক স্বাক্ষর | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট-এর পরিচালক ও ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের যৌথ স্বাক্ষর |
| ধাপ-৮ | চেক প্রেরণ | প্রস্তুতকৃত চেক জেলা কমিটির সদস্য সচিব উপপরিচালক, সমাজসেবা বরাবরে প্রেরণ | জেলা কমিটির সদস্য সচিব উপপরিচালক, সমাজসেবা বরাবরে ডাকযোগে প্রদান |
| ধাপ-৯ | জেলা কমিটি কর্তৃক অনুদানের অর্থ/ চেক হস্তান্তর | জেলা কমিটি কর্তৃক অনুদানের অর্থ/ চেক হস্তান্তর জন্য এনডিডি ব্যক্তিদের অবহিতকরণ | জেলা কমিটি কর্তৃক এনডিডি ব্যক্তিদের মাঝে অনুদানের অর্থ/ চেক হস্তান্তর |

## ৪। সেবার প্রস্তাবিত প্রসেস ম্যাপ

বিজ্ঞাপন/ আবেদন আহবান

↓

আবেদন দাখিল

↓

আবেদনসমূহ সুপারিশসহ ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ

↓

বোর্ডের অনুমোদনের জন্য ট্রাস্ট কার্যালয়ে বাছাই সম্পন্নকরণ

↓

ট্রাস্টি বোর্ডের অনুমোদন

↓

জিটুপি পদ্ধতিতে নগদ/বিকাশের মাধ্যমে অনুদান প্রেরণ

| সেবা প্রদানের ধাপ | কার্যক্রম | বর্ণনা |
|---|---|---|
| ধাপ-১<br>বিজ্ঞাপন/আবেদন আহবান | আবেদন গ্রহণের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ করা; | নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট কর্তৃক এককালীন চিকিৎসা অনুদান প্রদানের জন্য জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রদান করা হয়ে থাকে। |
| ধাপ-২<br>আবেদন দাখিল | সমাজকল্যাণ সেবা পোর্টাল এর মাধ্যমে আবেদন ফরম পূরণ করে নিজ জেলা কার্যালয়ের নিকট দাখিল; | সমাজকল্যাণ সেবা পোর্টাল এর মাধ্যমে ঘরে বসেই প্রয়োজনীয় ডকুমেন্ট স্ক্যান করে আপলোড করে আবেদন ফরম পূরণপূর্বক জেলা কমিটির নিকট জমা প্রদান করা হবে। |
| ধাপ-৩<br>আবেদনসমূহ সুপারিশসহ ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ | আবেদনসমূহ সুপারিশসহ প্রেরণের জন্য জেলা কমিটিতে উপস্থাপন; | আবেদনসমূহ যাচাই বাছাই করে সুপারিশসহকারে ট্রাস্ট কার্যালয়ে প্রেরণ করা হবে। |
| ধাপ-৪<br>ট্রাস্টি বোর্ডের অনুমোদন | জেলা কমিটি হতে প্রাপ্ত আবেদনসমূহ তালিকাকরণ; | ট্রাস্টি বোর্ড সভায় অনুমোদন গ্রহণ করতে হবে। |
| ধাপ-৫<br>জিটুপি পদ্ধতিতে নগদ/বিকাশের মাধ্যমে অনুদান প্রেরণ | সমাজকল্যাণ সেবা পোর্টালের মাধ্যমে ইন্টিগ্রেটেড সিস্টেমে নগদ/ বিকাশের মাধ্যমে প্রেরণ করা; | সমাজকল্যাণ সেবা পোর্টালের মাধ্যমে ইন্টিগ্রেটেড সিস্টেমে নগদ/ বিকাশের মাধ্যমে অর্থ প্রাপ্তি নিশ্চিত করা হবে। |

# বিদ্যমান ও প্রস্তাবিত প্রক্রিয়ার ফলাফল বিশ্লেষণ (Time, Cost, Visit - TCV)

| তুলনামূলক পার্থক্য বিশ্লেষণ | সময় (দিন / ঘন্টা) | গ্রহীতার দাপ্তরিক খরচ (টাকা) | গ্রহীতার ভিজিট (কতবার) | ধাপ | জনবল+কমিটি (যদি থাকে) | সেবা প্রাপ্তি স্থান | দাখিলীয় কাগজপত্রের সংখ্যা | অন্য কোন পরিবর্তন (যেমন) গুনগত মানের পরিবর্তন |
|---|---|---|---|---|---|---|---|---|
| বিদ্যমান প্রক্রিয়া / পদ্ধতির | ১২০ দিন | ৬০০/- টাকা | ৩ বার | ০৯টি | ২০ জন+২ কমিটি | জেলা সমাজসেবা কার্যালয় | ০৬ টি | |
| প্রস্তাবিত প্রক্রিয়া / পদ্ধতির (বাস্তবায়ন হলে) | ৩০ দিন | ০ টাকা | ০ বার | ০৬টি | ৪ জন+২ কমিটি | সরাসরি (অনলাইনে আবেদন) | ০০ টি | |
| **উভয়ের মধ্যে পার্থক্য** | **৯০ দিন** | **৬০০ টাকা** | **৩ বার** | **৩ টি** | **১৬ জন** | **সরাসরি** | **০৬ টি** | |